



কেন্দ্রীয় লাইব্রেরি

ইসলামিক ফাউন্ডেশন

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

বায়তুল মুকাররম, ঢাকা-১০০০

ইসলামিক ফাউন্ডেশন কেন্দ্রীয় লাইব্রেরীর তথ্য

ইসলামিক ফাউন্ডেশন প্রতিষ্ঠালগ্ন থেকে ইসলামের বিভিন্ন বিষয়ের উপর গবেষণাসহ সর্বস্তরের জনগণের মধ্যে ইসলামী জ্ঞান বিকাশের সুযোগ-সুবিধা সৃষ্টির লক্ষ্যে ইসলামিক ফাউন্ডেশন লাইব্রেরীর কার্যক্রম শুরু হয়। বর্তমানে ইসলামিক ফাউন্ডেশন কেন্দ্রীয় লাইব্রেরী বায়তুল মুকাররম জাতীয় মসজিদের দক্ষিণ-পূর্ব কোণে সাহানের উপর অবস্থিত। লাইব্রেরীটি বাংলাদেশের সর্ববৃহৎ ইসলামিক পাবলিক লাইব্রেরী হিসাবে পরিচিতি লাভ করেছে।

ইসলামিক ফাউন্ডেশন কেন্দ্রীয় লাইব্রেরীতে রাজশাহী জেলার বাসিন্দা স্কুল শিক্ষক মরহুম মোহাম্মদ হামিদুজ্জামান-এর হস্তলিখিত ৬১ কেজি ওজনের ১১০০ পৃষ্ঠার উপমহাদেশের সর্ববৃহৎ পবিত্র কুরআনুল করীম, চট্টগ্রামের বাসিন্দা জনৈক মফিজুল হক নুরী এর লিখিত কুরআনের ছায়ালিপি, অন্ধদের জন্য ব্রেইল পদ্ধতির কুরআন শরীফ পৃথিবীর সবচেয়ে ছোট কুরআন শরীফ, বার্মিজ, তাজিকি, আসাম (বাংলা), লেবানিজ এবং ইন্দোনেশিয়ান ভাষা-ভাষীদের জন্য পবিত্র কুরআন শরীফের অনুবাদ গ্রন্থসহ বিভিন্ন ছাপায় পবিত্র কুরআন শরীফ, তাফসীর গ্রন্থ, তাফসীর বিশ্বকোষ, হাদীসগ্রন্থ, ৪৫ খন্ডের ইংরেজী ভাষার ইসলামী বিশ্বকোষ আরবী ও উর্দু ভাষার বিভিন্ন বিশ্বকোষ, ২৬ খন্ডে বৃহৎ ইসলামী বিশ্বকোষ, ১৪ খন্ডে সিরাত বিশ্বকোষ, ইসলামী সাহিত্য, চিকিৎসা বিজ্ঞান, ইসলাম ও বিজ্ঞান, ইসলামী অর্থনীতি, ইসলামী দর্শন, ইসলামের ইতিহাস, ইসলামী আইন, বিভিন্ন ভাষায় অভিধান ও বিশ্বকোষ এবং শিশু সাহিত্যসহ বিভিন্ন বিষয়ের উপর প্রায় ১,৪৬,০০০ (এক লক্ষ ছিচল্লিশ হাজার) পুস্তক ও পুস্তিকা রয়েছে।

এ ছাড়া দৈনিক, সাপ্তাহিক, পাক্ষিক ও মাসিক সাময়িকী মিলিয়ে নিয়মিত প্রায় ৫০ টি দেশী/বিদেশী পত্র-পত্রিকা রাখা হয়। লাইব্রেরী ভবনের নিচ তলায় বাংলাদেশের কৃষ্টি কালচার ও ইসলামী কৃষ্টি কালচারের সময়সূচী সৌন্দর্য মন্ডিত একটি প্রদর্শনী হল রয়েছে। উক্ত প্রদর্শনী হলে মহান আল্লাহ তায়ালার ৯৯ গুণবাচক (আসমাউল হুসনা) নাম সমূহের ৩৫টি পোষ্টার ও হযরত মুহাম্মদ (সঃ) এর জীবনীমূলক (বংশ পরিচয় থেকে শুরু করে ওফাত সহ) ১৩টি পোষ্টারসহ সর্বমোট ৪৮টি পোষ্টার রয়েছে। সকল পাঠক ও গবেষকদের জন্য উক্ত প্রদর্শনী হল পরিদর্শন করার সুযোগ রয়েছে। ৪ তলা বিশিষ্ট লাইব্রেরীর প্রতিটি ফ্লোরে আধুনিক সুযোগ সুবিধা সম্বলিত আলাদা আলাদা পাঠকক্ষের ব্যবস্থা আছে। বর্তমানে মহিলা, শিশু, প্রতিবন্ধী ও বয়োবৃদ্ধ পাঠকদের জন্য লাইব্রেরী ভবনের নিচতলায় আধুনিক সুযোগ সুবিধা সম্বলিত পাঠকক্ষের ব্যবস্থা রয়েছে। এ ছাড়া পাঠক ও গবেষকদের সেবা দানের লক্ষ্যে লাইব্রেরী থেকে জবুরী প্রয়োজনে সীমিত আকারে ফটোকপি সার্ভিস প্রদান করা হয়। লাইব্রেরীতে লিফট স্থাপন করা হয়েছে। বর্তমানে একজন পরিচালক ইসলামিক ফাউন্ডেশন কেন্দ্রীয় লাইব্রেরী বিভাগের দায়িত্ব পালন করছেন।